

নিউ ইয়র্ক
অগস্ট, ১৯০০

কল্যাণবরেষু,

তোমার এক পত্র পাইয়াছিলাম। এতদিন জবাব দিতে পারি নাই। তোমার সুখ্যাতি মিঃ সেভিয়ার তাঁর পত্রে করেছেন। তাতে আমি বিশেষ খুশি হলাম।

তোমরা কে কি কর ইত্যাদি পুঞ্জানুপুঞ্জ লিখে আমায় পত্র লিখবে। তোমার মাকে পত্র লিখ না কেন? ও কি কথা? মাতৃভক্তি সকল কল্যাণের কারণ। তোমার ভাই কলকাতায় পড়ছে-শুনছে কেমন?

তোদের সব আনন্দ-দের নাম মনেও থাকে না -- কোনটাকে কি বলি! সবগুলোকে এক সাঁটে আমার ভালবাসা দিবি। খগেনের শরীর বেশ সেরে গেছে খবর পেয়েছি -- বড়ই সুখের কথা। তোদের -- সেভিয়ার যত্ন করে কিনা সব লিখবি। দীনুর শরীরও ভাল আছে -- বড় সুখের বিষয়। কালী ছোকরার একটু মোটা হবার tendency (প্রবণতা) আছে; তার পাহাড় চড়াই-উৎরাইতে সব সেরে যাবে নিশ্চিত। স্বরূপকে বলবি, আমি তার কাগজ চালানোতে বিশেষ খুশি। He is doing splendid work (সে চমৎকার কাজ করছে)।

আর সকলকে আমার আশীর্বাদ ভালবাসা দিবি। আমার শরীর সেরে গেছে -- সকলকে বলিস। আমি এখান থেকে ইংলন্ড হয়ে শীঘ্র ভারতবর্ষে যাচ্ছি।

সাশীর্বাদং

বিবেকানন্দস্য